



প্রেস বিজ্ঞপ্তি

কুবিতে শহীদ আব্দুল কাইয়ুম স্মরণে সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

ছাত্র-জনতার জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানে শহীদ কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের এআইএস বিভাগের ১৩তম ব্যাচের মেধাবী শিক্ষার্থী আব্দুল কাইয়ুম এর ১ম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ (৬ আগস্ট) বুধবার দুপুর ১২.০০ ঘটিকায় এআইএস বিভাগের কনফারেন্স কক্ষে এই স্মরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মোঃ হায়দার আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান এবং বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ আহসানউল্লাহ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এআইএস বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. মোঃ নজরুল ইসলাম।

মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মোঃ হায়দার আলী বলেন, ছাত্র-জনতা গণঅভ্যুত্থানের মাধ্যমে আমাদেরকে নতুন ভাবে স্বাধীনতা এনে দিয়েছে। তিনি আরও বলেন, শহীদ আব্দুল কাইয়ুম স্মরণে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাসের ১নং হলটিকে আমরা শহীদ আব্দুল কাইয়ুম নামকরণ করেছি। তিনি আব্দুল কাইয়ুমের বন্ধুদের বলেন, তোমরা দেশের জন্য, সমাজের জন্য, নিজেদের পরিবারের জন্য নিজেকে যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলো।

ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে আব্দুল কাইয়ুমসহ সকল শহীদের প্রতি শ্রদ্ধা জানিয়ে মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান বলেন, জুলাই, ২৪ এর চেতনা শুধুমাত্র ধারণ করার বিষয় নয়, এটিকে বাস্তবায়ন করতে হবে, এটি একটি চ্যালেঞ্জ। ছাত্র-জনতা আমাদের বিবেককে জাগ্রত করেছে। আমাদের দেশের অর্থনীতি সমৃদ্ধ হয়েছে, প্রযুক্তিগত উৎকর্ষতা লাভ করেছে। তারপরও কোথায় যেনো একটা গ্যাপ রয়ে গেছে। তিনি বলেন, আমরা সততা ও ন্যায়-নিষ্ঠার মাধ্যমে দায়িত্ব পালন করে কুমিল্লা বিশ্ববিদ্যালয়কে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবো এবং নতুন বাংলাদেশ গঠনে ভূমিকা রাখবো। তিনি আরও বলেন, জুলাই, ২৪ অনুস্মরণীয় হয়ে থাকবে এবং এটি আমাদেরকে সবসময় প্রেরণা দিবে।

উল্লেখ্য, শিক্ষার্থী আব্দুল কাইয়ুম ২০২৪ এর ৫ আগস্ট ছাত্র জনতার গণঅভ্যুত্থানে 'লং মার্চ টু ঢাকা' কার্যক্রমে অংশগ্রহণকালীন সময়ে গুলিবিদ্ধ হয়ে সাভার এনাম মেডিকেল চিকিৎসাধীন অবস্থায় শহীদ হন।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।